

খবর

বণিক বার্তা-এবিসি রেডিও

বৈশাখী ফটো কনটেস্ট বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক | ০১:০৩:০০ মিনিট, মে ০৬, ২০১৮



বণিক বার্তা ও এবিসি রেডিও আয়োজিত বৈশাখী ফটো কনটেস্ট-১৪২৫ এর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে৷ এ উপলক্ষে গতকাল রাজধানীর কারওয়ান বাজারের হাসনে টাওয়ারে বণিক বার্তার সম্মেলন কক্ষে 'মিট দ্য উইনার' নামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়৷ অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন এয়ার এশিয়ার পরিচালক আনোয়ারুল আবেদিন, প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মোর্শেদুল আলম চাকলাদার ও দ্য প্যালেস লাক্সারি রিসোর্টের সহকারী বিপণন ব্যবস্থাপক ওয়াহিদ হোসেন নূর৷ এ সময় এবিসি রেডিওর হেড অব অপারেশন

এহসানুল হক টিটো, বণিক বার্তার জেনারেল ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড ব্র্যান্ডিং) আমির হোসেন মাহবুব, ডেপুটি জেনারেল ম্যানেজার (ব্র্যান্ড মার্কেটিং) রাশেদল হাসান, ওয়েডিং ডায়েরির প্রতিষ্ঠাতা ও প্রধান আলোকচিত্রী প্রীত রেজাসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন৷

ফটো কনটেস্ট বিজয়ীদের মধ্যে রিফাত আহমেদ প্রথম, জেনিথ লিংকন মজুমদার দ্বিতীয় ও আরেফিন সুলতানা তৃতীয় স্থান অর্জন করেন। প্রথম ও দ্বিতীয় বিজয়ীকে এয়ার এশিয়ার পক্ষ থেকে ঢাকা-কুয়ালালামপুর-ঢাকা এয়ার টিকিট প্রদান করা হয়। তৃতীয় ও চতুর্থ স্থান অর্জনকারীরা দ্য প্যালেস লাক্সারি রিসোর্টের পক্ষ থেকে সিগনেচার কিং রুমে একদিন থাকার কুপন লাভ করেন। এছাড়া অন্য প্রতিযোগীদের জন্য উপহার হিসেবে বণিক বার্তার পক্ষ থেকে ব্যাগ ও বই দেয়া হয়। বাংলার বৈশাখী উৎসব, সংস্কৃতি ও ঐতিহ্য-এ থিমের ওপর প্রতিযোগীদের তোলা বিভিন্ন ছবির মধ্য থেকে আটজনের ছবিকে পুরস্কারে জন্য মনোনীত করা হয়।

গত ১০ এপ্রিল শুরু হয় বৈশাখী ফটো কনটেস্টা ১৮ এপ্রিল পর্যন্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা বণিক বার্তার ফ্যান পেজে তাদের তোলা ছবিগুলো আপলোড করার সুযোগ পানা ১৮-২৩ এপ্রিল পর্যন্ত ভোটিং নেয়া হয়৷ লাইক, কমেন্ট ও শেয়ারের ওপর ভিত্তি করে ৬০ নম্বর এবং বাকি ৪০ নম্বর বিচারকদের রায়ে বিবেচনা করে সর্বোচ্চ ভোটপ্রাপ্তদের বিজয়ী ঘোষণা করা হয়৷

অতিথিরা এ ধরনের ফটো কনটেস্টের আয়োজনকে সাধুবাদ জানান এবং বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যকে সামনে রেখে আলোকচিত্রনির্ভর প্রতিযোগিতা, ওয়ার্কশপ ও সেমিনার আরো বিস্তৃত পরিসরে ছড়িয়ে দিতে আয়োজকদের প্রতি আহবান জানান৷

বণিক বার্তা কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত৷ অনুমতি ছাড়া এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি ও বিষয়বস্তু অন্য কোথাও প্রকাশ করা বেআইনি৷

1 of 2 5/6/2018, 9:57 AM

সম্পাদক ও প্রকাশক: দেওয়ান হানিফ মাহমুদ

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বিডিবিএল ভবন (লেভেল ১৭), ১২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ পিএবিএক্স: ৮১৮৯৬২২-২৩, ই-মেইল: news@bonikbarta.com | বিজ্ঞাপন ও সার্কুলেশন বিভাগ ফ্যাক্স: ৮১৮৯৬১৯

2 of 2